# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ মার্চ/২০২২ইং

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিস্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| নাই | ৩টি | ৩টি | ৪টি | পূর্বের মাসের ১টি এবং বর্তমান মাসের অনলাইনে প্রাপ্ত ৩টি সহ মোট নিস্পত্তিকৃত ৪টি অভিযোগের বিবরণঃ<br><br>১। গত ২৫/১২/২০২১ইং তারিখ সকাল ৬.৩০ ঘটিকার সময় বিআইডব্লিউটিএ'র পাটুরিয়া পাইলট বিশ্রামাগারের উঠানে জনাব মোঃ মাকছুদের রহমান, পাইলট,নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা কর্তৃক আনীত অভিযোগে উল্লেখ করা হয় যে, "পাটুরিয়া হতে কাজীর হাট, নটাখোলা, নগরবাড়ীর উদ্দেশ্যে জলযানে পাইলট অনবোর্ড হয়ে পথিমধ্যে না নেমে যে জলযান যে ষ্টেশনে যাবে সে ষ্টেশনে জলযানটি পৌছে দিয়ে আসলে ভাল হয়"। তিনি এ কথা বলার কিছুক্ষন পর জনাব মোঃ রোকন উদ্দিন, পাইলট দৌড়ে এসে জনাব মোঃ মাকছুদের রহমান এর উপর অতর্কিতভাবে এলোপাথারি চর-ঘুষি মারতে থাকে। তখন জনাব মোঃ মাকছুদের রহমান পিছনে সরে আসেন এবং আত্মরক্ষা করেন। এ বিষয়ে জনাব মোঃ মাকছুদের রহমান, পাইলট কর্তৃক জনাব মোঃ রোকন উদ্দিন, পাইলট এর বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ২৬/০১/২০২২ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন গত ১৬/০৩/২০২২ইং তারিখ পাওয়া যায়। উক্ত তদন্ত প্রতিবেদনে নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা শাখায় কর্মরত পাইলট জনাব মোঃ রোকন উদ্দিন এবং জনাব মোঃ মাকছুদের রহমান এর মধ্যে উক্ত অভিযোগের বিষয়ে আপোষ-মীমাংসা হওয়ায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ২৩/০৩/২০২২ইং তারিখ অভিযোগটি নিস্পন্ন করা হয়েছে।<br><br>২। ট্র্যাকিং নম্বর-১০০০০৩২৫৩, তারিখঃ ১৬/০৩/২০২০ইং এর মাধ্যমে জনাব সাজেদুল আলম চৌধুরী (মোবাইল নম্বরঃ ০১৫২১-৫৫১৪৬৫) বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার আওতায় একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, দিনাজপুর জেলার খানসামা থানার হাসিমপুর গ্রামে প্রবাহিত বেলান নদীটি দখল করা হচ্ছে। উক্ত নদীটি বিআইডব্লিউটিএ'র আওতার বাহিরে হওয়ায় বর্ণিত নদীটি দখল প্রতিরোধে জেলা প্রশাসক, দিনাজপুর ও সভাপতি জেলা নদী রক্ষা কমিটি, | পূর্বের মাসের অনিস্পন্ন ১টি অভিযোগের বিবরণ নিম্নরূপ ঃ<br>জনাব মোঃ আব্দুল মোতালেব, মাষ্টার পাইলট সুপারভাইজার, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্রগ্রাম এর বিরুদ্ধে অনৈতিক কাজ ও ভিন্ন কৌশলে অর্থ আত্মসাৎ করা এবং হয়রানির বিষয়ে জনাব মোঃ শফিকুর রহমান, পরিচালনাকারী ম্যানেজার, ফয়সাল নেভিগেশন কোম্পানী(মোবাইল নং ০১৬১২-৯০০৩০০) কর্তৃক সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা বরাবর অভিযোগপত্র দাখিল করা হয়। বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত করে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য অভিযোগ পত্রটি এ কর্তৃপক্ষে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | - | - | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | দিনাজপুর-কে গত ২০/০৫/২০২১ইং তারিখ পত্র দেয়া হয় বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অভিযোগটি নিস্পন্ন করা হয়েছে। এ অভিযোগটি নিস্পত্তি করে অক্টোবর-২০২১ ইং এর মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদনে দেখানো হয়েছে।<br><br>৩। ট্র্যাকিং নাম্বার ১৫৫২৫৮০৩১৬১০১ তারিখঃ ১২-১০-২০২১ইং এর মাধ্যমে এলাকার বাসীর পক্ষে জনৈক জনাব আব্বাস আলী বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার আওতায় একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, মাননীয় সংসদ সদস্য হাজী সেলিম কর্তৃক কেরানীগঞ্জ মডেল থানার আওতাধীন শাক্তা ইউনিয়নের ১নং ওয়ার্ডের ঝাউচর খেয়াঘাটের পশ্চিম পাশে বিআইডব্লিউটিএ ও স্থানীয় জনগণের আবাসিক এলাকার জমি দখল করে দেশি-বিদেশি জাহাজের মাধ্যমে পাথর নামানো ও উঠানো হয় এবং গ্রামের ১৬ ফুট সরু কাঁচা রাস্তা দিয়ে ২৪ ঘন্টা পাথর বোঝাই ১০ চাকা বিশিষ্ট লরি ট্রাক চলাচলের কারণে যানজট সহ স্কুল গামী ছাত্র-ছাত্রীদের চলাচলে অসুবিধা হচ্ছে। বিআইডব্লিউটিএ ও স্থানীয় জনগণের জমি দখলমুক্ত করা সহ অবৈধ পাথর ব্যবসা বন্ধ করার অনুরোধ করা হয়। তীরভূমি ব্যবহারের আবেদনের সাথে প্রতিষ্ঠানটি যে সকল দলিল দস্তাবেজ দাখিল করেছে সে অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানটি ফোরশোর বরাবর স্থাপিত সীমানা পিলার পরবর্তী জায়গার (শহরের দিকে) ক্রয়সূত্রে মালিক। নিজস্ব জমিতে নৌ-পথে পরিবাহিত মালামাল লোড-আনলোড করণের নিমিত্ত তীরভূমি ব্যবহার এবং অন্যান্য স্থাপনাদি স্থাপনের অনুমোদন বিআইডব্লিউটিএ হতে প্রদান করা হয়েছে। অভিযোগকারী আবেদনে যে, অবৈধভাবে বিআইডব্লিউটিএ'র জায়গা দখল করে ব্যবসার কথা বলা হয়েছে তা সঠিক নয়। তাছাড়া ফোরশোর পরবর্তী কান্ট্রি সাইডে অবস্থিত জমি অবৈধভাবে দখল বিষয়ে প্রতিকার করণে বিআইডব্লিউটিএ উপর্যুক্ত প্রতিষ্ঠান নয়। এছাড়া অভিযোগকারী আবেদনে যে, সড়কের কথা উল্লেখ করা হয়েছে তা বিআইডব্লিউটিএ'র নিয়ন্ত্রণভূক্ত নয়। এ ক্ষেত্রে অভিযোগকারী সংশ্লিষ্ট জেলা প্রশাসন, থানা এবং সংশ্লিষ্ট আদালতে প্রতিকার চাইতে পারেন বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অভিযোগটি নিস্পন্ন করা হয়েছে।<br><br>৪। ট্র্যাকিং নম্বর-২০০০০৮২৬৩, তারিখঃ ২১/০৬/২০২১ইং এর মাধ্যমে জনাব নোমান মোল্লা (মোবাইল নম্বরঃ ০১৭০৩-৭৯৪৩৮৮) বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার আওতায় একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, বিআইডব্লিউটিএ'র অফিস সহায়ক (বিজ্ঞপ্তি নং ৫/২০২০) পদের মৌখিক পরীক্ষা ২১/০৩/২০২১ইং তারিখে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। অনিবার্য কারণবশতঃ উক্ত মৌখিক পরীক্ষাটি স্থগিত করা হয়। তিনি এখনও মৌখিক পরীক্ষার তারিখ পাননি। উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে উল্লেখ্য যে, জনাব নোমান মোল্লা এর বর্ণিত | | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অফিস সহায়ক পদের মৌখিক পরীক্ষা গত ০৯/০৯/২০২১ইং তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন যার রোল নং-৯৯৯৩। তিনি অফিস সহায়ক পদের পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন, বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ১৩/১০/২০২১ইং তারিখে অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে। এ অভিযোগটি নিষ্পত্তি করে অক্টোবর-২০২১ ইং এর মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদনে দেখানো হয়েছে। | | | | |

মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

মোঃ আব্দুর রাজ্জাক
উপ-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

এস এম শাহেদ রেজা
যুগ্ম-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

নামঃ মুহাম্মদ আবু জাফর হাওলাদার
পদবীঃ পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইলঃ dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট-লাইন-১৬১১৩